

আপামর জনতার প্রতিবাদ! বিক্ষোভ!! কাহারো অবস্থান অবৈধ বা বেআইনি নয়!

সবাইকে আহ্বান! অভিবাসন দফতরে আজ পর্যন্ত জেসন কেনির মতো নিকৃষ্ট রক্ষণশীল মন্ত্রী বহাল হনাই এক বৃহত ও সুদূর প্রসারী আন্দোলনের দ্বারা মন্ত্রী মশাই কে জনতা তুণ্ড করিবে। এই আমাদের অঙ্গীকার।

১. নির্বাসনের হার ক্রমশ বৃদ্ধি পাইতেছে। অনুমোদিত অভিবাসীদের সংখ্যা ৫৬% হারে পড়িয়া গিয়াছে।

২. কেনির ইচ্ছা আশ্রয়প্রার্থী এবং পারিবারিক পৃষ্ঠপোষকদের সংখ্যা ১১০০০ ট্রাস করা।

পঞ্চাঙেরে তিনি অস্থায়ী শ্রমজীবীদের সংখ্যা বৃদ্ধি করিয়াছেন যাহারা শুধু শ্রমিকদের

সংখ্যা পুষ্ট করিবে। তাহারা কানাডার অধিবাসী হিসাবে সমস্ত অধিকার পাবেন। এছাড়া তাহাদের পরিবারের সদস্যরা এদেশে আসিয়া থাকিবার অধিকার থেকে বঞ্চিত থাকিবে।

৩. কেনির মতে তাহার এই নতুন আশ্রয় প্রার্থনা বিষয়ক বিল প্রকৃত সংস্কার। কিন্তু এই বিল পাস হইলে আশ্রয়প্রার্থীদের সমস্ত আইনের পথ অবরুদ্ধ হইবে। এই বিষয়ে রক্ষণশিলেরা অতীতে পশ্চাত্গামী রহিয়াছে। সেই হেতু আশ্রয়প্রার্থীরা তাহাদের ন্যায় দাবি হইতে সরকারের উদেশ্যমূলক নীতির জন্য বঞ্চিত হইতেছে। ইতিপূর্বে কেনি মেক্ষীকো ও চেক রিপাবলিকের ওপর কানাডায়ে প্রবেশের শর্ত হিসাবে ভিসার প্রযোজনিতা চাপাইয়াছেন। তিনি আরোপ করিয়াছেন যে উপরোক্ত দেশের আশ্রয় প্রার্থীরা ইল্লেগাল কন্সে লিগ্ট থাকেন, যদিও আন্তর্জাতিক মানবিক অধিকার কমিসন এই ধরনের আরোপ খণ্ডন করিয়াছেন।

৪. কেনি তাহাদের প্রতি কঠোর পন্থা অবলম্বন করিতে উদ্যত যে আশ্রয় প্রার্থীরা অসীভূত হইতে অনিচ্ছুক এবং ইংরাজি অথবা ফরাসী ভাষা ব্যবহার করেননা।

৫. কেনি Quebec's Bill C - 94 সমর্থন করেন। এই বিল স্ত্রী লোকের মুখাবয়ব ঢাকিবার বিরোধী।

৬. কেনি একটি নতুন নাগরিকতার নির্দেশিকা প্রবর্তন করিয়াছেন। সেই নির্দেশিকায় যৌন সংখ্যা লম্বুদের অধিকার বাতিল হইয়াছে।

৭. কেনি Afghanistan ও Middle-East এ কানাডার মিলিটারী ভূমিকার গোঁড়া সমর্থক। তিনি একজন ব্রিটিশ মুক্ত বিরোধী বক্তা M.P. কে বহিষ্কার করিয়াছেন।

প্রকৃতপক্ষে সম্পূর্ণ অভিবাসন প্রণালীই অমানবিক ও অন্যায়। 'No one is illegal' একটি সেছাসেবী পরিচালিত গোষ্ঠী যারা আশ্রয় প্রার্থী, শরণার্থী, অভিবাসী কর্মী এবং সাধারণ অস্থায়ী লোকদের ন্যায়পরতায় বিশ্বাসী। প্রতিদিন

শত শত মানুষ কানাডা হইতে নিষ্কাশিত হইতেছে। ইহারা নিজেদের দেশের দারিদ্র মুক্ত এবং হিংসা হইতে মুক্তি পাইতে চায়।

বাইরের বিশ্বের এই জনসমূহ যে কারণে কানাডার মত দেশে অভিবাসনে এ বাধ্য হয় তাহার অন্যতম হইতেছে ইহার বিশাল কর্পোরেশন এবং জাগতিক শক্তির প্রভাবশালী বৈদেশিক নীতি। যেমন বহু আফগান অধিবাসী সৈন্য আক্রমণের জন্য ধর ও দেশ হইতে পলায়নে বাধ্য হিয়াছে।

ইদানিং স্থায়ী অভিবাসী হিসেবে কানাডায় আসা কঠিন। তাহারা নিরুপায় হইয়া শরণার্থী অথবা অস্থায়ী কর্মীদের পথ বাছিয়া নইতেছে। যাহারা গরিব তাহাদের পরিবার এবং স্বদেশ ছাড়িয়া আসা বিশেষ কঠিন, কারণ তাহারা বিপদসংকুল কাজের জায়গা, নিষ্কম্মানের পারিশ্রমিক, সামাজিক বিচ্ছিন্নতা এবং পক্ষপাতের মুখোমুখি হইতে বাধ্য। ইহারা উদ্বিগ্ন এই শত-সহস্র গরিব শ্রমিক ইহাদের নির্বাসন আসন্ন আবার ইহারা শারীরিক শ্রমদারা শিল্পপতিদের মুনাকা অর্জনে সাহায্য করিতেছে।

আমরা বিশ্বাস করি যে কোনো মানুষেরই মূল্যায়ন ধন অথবা শ্রম দিয়া নিরূপন করা যায়না।